

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ সর্বোচ্চ বন্ধুর দিকে ধাবমান (إِلَى الرَّفِيْقِ الْأَعْلَى) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

সীমাহীन पूश्य-त्वमना (يَثُاقُمُ الْأَحْزَانِ عَلَى الصَّحَابَةِ):

হৃদয় বিদীর্ণকারী এ দুর্ঘটনার সংবাদ তৎক্ষনাত চতুর্দিকে ছড়িয়ে পড়ল। মদীনাবাসীগণের উপর দুঃখের পাহাড় ভেঙ্গে পড়ল। পৃথিবীর প্রান্ত এবং পার্শ্বস্থ সব কিছুই যেন অন্ধাকারাচ্ছন্ন হয়ে পড়ল। আনাস (রাঃ)-এর বর্ণনা, তিনি বলেছেন যে, রাসূলুল্লাহ (ﷺ) যেদিন আমাদের নিকট আগমন করেছিলেন সে দিনের মতো উজ্জ্বলতম দিন আর কখনো দেখি নি এবং যে দিন তিনি মৃত্যুবরণ করলেন সে দিনের মতো এত নিকৃষ্ট এবং অন্ধকার দিন আর কখনো দেখি নি।[1]

রাসূলুল্লাহ (الله عَاهُ. يَا أَبَتَاهُ، أَجَابَ رَبًّا دَعَاهُ. يَا أَبَتَاهُ، أَبَتَاهُ، أَجَابَ رَبًّا دَعَاهُ. يَا أَبَتَاهُ، إِلَى جَبْرِيْلَ نَنْعَاهُ (مَنْ جَنَّةُ الْفِرْدَوْسِ مَأْوَاهُ. يَا أَبَتَاهُ، إِلَى جَبْرِيْلَ نَنْعَاهُ

অর্থ: 'হায় আব্বাজান! যিনি আল্লাহর আহবানে সাড়া দিয়েছেন, হায় আব্বাজান! যাঁর ঠিকানা জান্নাতুল ফিরদাউস, হায় আববাজান! আমরা জিবরাঈল (আঃ)-কে আপনার মৃত্যু সংবাদ জানাচ্ছি।

ফুটনোট

[1] দারমী, মিশকাত, ২য় খন্ড ৫৪৭ পৃঃ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6463

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন